



চ্যাসেলরের প্রবিধান

নম্বর: A-701

বিষয়: স্কুল হেলথ সার্ভিসেস (স্কুল স্বাস্থ্য পরিষেবাসমূহ)

শ্রেণী: শিক্ষার্থীবৃন্দ

ইস্যুর তারিখ: 25 মার্চ, 2021

পরিবর্তনের সারাংশ

এই প্রবিধান 15 অগাস্ট, 2012 তারিখে জারিকৃত চ্যাসেলরের প্রবিধান A-701 কে হালনাগাদ করে এবং তার স্থলাভিষিক্ত হয়।

পরিবর্তনসমূহ:

- এটি শিক্ষার্থীর হেলথ ফর্ম, নোটিস, এবং রেকর্ড হালনাগাদ করার পাশাপাশি এই প্রবিধানের (সেকশন I) যেখানেই পিতামাতার সংজ্ঞা ব্যবহৃত হয়েছে সেটিকেও হালনাগাদ করে।
- 3-K এবং প্রি-কিন্ডারগার্টেন প্রোগ্রাম এবং K-12 গ্রেডের স্কুলগুলিতে ভর্তির পর পূরণকৃত স্বাস্থ্য পরীক্ষার ফর্ম জমাদানের শর্তের ব্যাখ্যা দান করে, এবং যদি শিক্ষার্থী ভর্তির পর (সেকশন II.A.1) 5 বছর বয়সের হয়, তারও ব্যাখ্যা দেয়।
- এটি স্পষ্ট করে যে, কমিটি অন স্পেশাল এডুকেশনে যে স্বাস্থ্য মূল্যায়নপত্র প্রদান করা হবে সেটি যেন শিক্ষার্থীর প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদানকারী প্রদান করেন, কোনো OSH চিকিৎসক নন (সেকশন II.A.2)।
- ইন্টারস্কলাস্টিক স্পোর্টসে (সেকশন II.A.2) অংশগ্রহণের জন্য স্বাস্থ্য পরীক্ষার ফর্মের শর্ত হালনাগাদ করে।
- শিক্ষার্থীর উচ্চতা এবং ওজন পরিমাপের (সেকশন II.B) জন্য রিপোর্টিংয়ের শর্ত হালনাগাদ করে।
- শিক্ষার্থীর চোখের পরীক্ষা, DOHMH এবং DOE কর্মীদের দায়িত্ব, পিতামাতার কাছে (সেকশন II.C) রিপোর্টিং, এবং নোটিস প্রদানের বিষয়সমূহ হালনাগাদ করে।
- শ্রুতি পরীক্ষা (সেকশন I.B, II.C) সম্পর্কিত বিধিসমূহ অপসারণ করে।
- স্টেটের টিকাদান বা ইমিউনাইজেশনের আদেশসমূহ হালনাগাদ করে এবং নিউ ইয়র্ক পাবলিক হেলথ ল বা গণ স্বাস্থ্য আইন § 2164 অনুযায়ী ধর্মীয় অব্যাহতি অপসারণ করে, এবং টিকাদান বা ইমিউনাইজেশন ড্যাটার (সেকশন III) জন্য DOHMH-এর রেকর্ডের পদ্ধতি উল্লেখ করে।
- নতুন ভর্তি শিক্ষার্থীদের টিকাদান বা ইমিউনাইজেশনের সাময়িক শর্তের ভাষা, এবং অস্থায়ী আবাসনে বসবাসকারী (সেকশন III.B) শিক্ষার্থীদের অধিকারেরও স্পষ্ট ব্যাখ্যা দেয়।
- টিকাদান বা ইমিউনাইজেশনের শর্ত (সেকশন III.C) থেকে স্বাস্থ্যগত অব্যাহতির অনুরোধের প্রক্রিয়া এবং সময়রেখার স্পষ্ট ব্যাখ্যা দেয়।

- 6 মাস থেকে 59 মাস (সেকশন III.F) বয়সের শিক্ষার্থীদের জন্য ইনফ্লুয়েঞ্জা টিকা বা ইমিউনাইজেশনের জন্য নিউ ইয়র্ক সিটির শর্ত যোগ করে।
- সংক্রমণ যা টিকা বা ইমিউনাইজেশন (সেকশন III.G) দ্বারা প্রতিরোধযোগ্য এমন কোনো রোগ সংক্রমণ চলাকালে শিক্ষার্থীদের অব্যাহতি সম্পর্কিত তথ্য হালনাগাদ করে।
- যক্ষ্মা (টিউবারকুলোসিস) রোগ পরীক্ষা করানো সম্পর্কিত বিধিগুলি অপসারণ করে।
- স্কুলে এবং অন্য DOE প্রোগ্রামে এবং কর্মকাণ্ডের সময় শিক্ষার্থীদের ওষুধপত্র সংরক্ষণ, রেকর্ডকিপিং, এবং সেগুলি খাওয়ানো বা দেয়া সম্পর্কিত তথ্যের পাশাপাশি বিশেষ সুবিধা ব্যবস্থার (সেকশন IV.A) অনুরোধ সম্পর্কিত তথ্য হালনাগাদ এবং সেগুলির স্পষ্ট ব্যাখ্যা দেয়।
- এপিনেফ্রিন এবং গ্লুকাগন-এর মত শিক্ষার্থীদের জরুরি ঔষধ দেয়া সম্পর্কিত তথ্য যোগ করে (সেকশন IV.B)।
- জরুরি পরিস্থিতিতে বাড়িতে যোগাযোগের তথ্য (সেকশন V.A) সম্পর্কিত শর্তগুলি হালনাগাদ করে।
- প্রাথমিক শুশ্রূষা এবং জরুরি সেবা প্রদানের নিয়ম-কানুন হালনাগাদ করে, এতে অন্তর্ভুক্ত 911 নম্বরে কল করা (সেকশন V.B)।
- অটোমেটেড এক্সটারনাল ডিফিব্রিলেটরসমূহ (সেকশন V.C) সংরক্ষণ করতে স্কুলসমূহের জন্য শর্তাবলী স্পষ্টভাবে ব্যাখ্যা করে।
- OSH মেডিকেল রুম ব্যবস্থা, স্কুল-ভিত্তিক স্বাস্থ্য সেন্টার, এবং স্কুল-ভিত্তিক হেলথ সেন্টার ডেন্টাল প্রোগ্রামসমূহ (সেকশন VI) প্রতিষ্ঠার প্রক্রিয়ার বিবরণ দেয়।
- স্কুল হেলথ প্রজেক্ট এবং রিসার্চ (সেকশন VII) পর্যালোচনা অনুমোদন প্রস্তাবের দায়িত্বপ্রাপ্ত DOE অফিসগুলি হালনাগাদ করে।
- অব্যাহতি বিধি (সেকশন VIII) যোগ করে।
- এই প্রবিধান (সেকশন IX) সম্পর্কিত অনুসন্ধানের জন্য যোগাযোগের তথ্য হালনাগাদ করে।



চ্যাম্পেলরের প্রবিধান

নম্বর: A-701

বিষয়: স্কুল হেলথ সার্ভিসেস (স্কুল স্বাস্থ্য পরিষেবাসমূহ)

শ্রেণী: শিক্ষার্থীবৃন্দ

ইস্যুর তারিখ: 25 মার্চ, 2021

সারসংক্ষেপ

অফিস অভ স্কুল হেলথ, যা নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিন এবং নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশনের একটি যৌথ অফিস, সেটির দায়িত্ব হলো নিউ ইয়র্ক স্টেট এডুকেশন আইন, নিউ ইয়র্ক স্টেট পাবলিক হেলথ আইন, এবং নিউ ইয়র্ক সিটি হেলথ কোড অনুযায়ী স্কুল হেলথ প্রোগ্রাম এবং সার্ভিসের বিধিসমূহের তদারকি এবং সেগুলি নিশ্চিত করা। এই চ্যাম্পেলরের প্রবিধানে এইসব আইন এবং প্রবিধান মেনে চলার প্রক্রিয়া বর্ণিত আছে।

I. পটভূমি

A. স্কুল হেলথ প্রোগ্রামসমূহ

1. শিক্ষার্থী শিক্ষায় এবং বেড়ে-ওঠায় স্কুল হেলথ প্রোগ্রামগুলো সহায়তা করে।
2. প্রত্যেক শিক্ষার্থীকে তার নির্দিষ্ট স্বাস্থ্য পরিষেবাদান নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন (DOE) এবং নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিনের (DOHMH) যৌথ দায়িত্ব।
3. অফিস অভ স্কুল হেলথ (OSH), DOE এবং DOHMH-এর একটি যৌথ প্রোগ্রাম এবং এর দায়িত্ব স্কুল হেলথ প্রোগ্রাম, নীতি, এবং প্রক্রিয়া তৈরি এবং সেগুলি মনিটর করা।

B. শিক্ষার্থীর স্বাস্থ্যগত রেকর্ডসমূহ

1. শিক্ষার্থীর স্বাস্থ্যগত রেকর্ডসমূহ শিক্ষার্থীর বর্তমান এবং অতীত স্বাস্থ্য সংক্রান্ত তথ্য প্রদান করে, বিভিন্ন স্বাস্থ্য পরিষেবা প্রদানকারীদের সাথে যোগাযোগ রক্ষা সহজ করে, এবং শিক্ষার্থীর সুস্থতা এবং শিক্ষণে ক্ষতিকর স্বাস্থ্যগত গুরুত্বপূর্ণ বিষয়গুলি সম্পর্কে স্কুল কর্মীদের সতর্ক করে।
স্বাস্থ্য-সংক্রান্ত ফর্ম ও নোটিসসমূহ উল্লিখিত সাইটে পাওয়া যাবে:
<https://infohub.nyced.org/in-our-schools/translations/forms/health-forms-and-notice>
একজন শিক্ষার্থীর স্বাস্থ্য রেকর্ডের মধ্যে আছে:

- a. ডাটা সংরক্ষিত থাকে অটোমেইট দ্যা স্কুলস্ (ATS)-এ, এটি একটি শিক্ষার্থী-নির্দিষ্ট কমপিউটারাইজড সিস্টেম যার রক্ষণাবেক্ষণের দায়িত্ব DOE-র, উদাহরণস্বরূপ, টিকা বা

ইমিউনাইজেশন সম্পর্কিত তথ্য, দৃষ্টি পরীক্ষা, স্বাস্থ্য পরিষেবা, সেকশন 504 বিশেষ সুবিধা পরিকল্পনা (504 প্ল্যান), স্বাস্থ্য-বিষয়ক সতর্কতা, এবং হেলথ ইনসুরেন্স কভারেজ।

- b. OSH অটোমেটেড স্টুডেন্ট হেলথ রেকর্ড (ASHR), যার অন্তর্ভুক্ত ATS ড্যাটা এবং OSH ক্লিনিক্যাল স্টাফ কর্তৃক এন্টার-করা বাড়তি তথ্য, যেমন স্কুল নার্সগণ, চিকিৎসক, এবং নার্স প্র্যাকটিশনার।
- c. ফর্ম CH205 - চাইল্ড অ্যান্ড অডোলেসেন্ট হেলথ এক্সামিনেশন ফর্ম (শিশু ও বয়স্কির ছেলেমেয়েদের স্বাস্থ্য পরীক্ষার ফর্ম)।
- d. মেডিকেশন অ্যাডমিনিস্ট্রেশন ফর্মসমূহ (MAFs) এবং অন্য স্বাস্থ্য পরিষেবার ফর্মসমূহ, যদি প্রযোজ্য হয়।
- e. ফর্ম 103S - স্কুল মেডিকেল রেকর্ড, OSH কর্তৃক সংরক্ষিত শিক্ষার্থীর নিজস্ব স্বাস্থ্য-সংক্রান্ত রেকর্ড, এতে অন্তর্ভুক্ত মূল্যায়ন, চিকিৎসা, যোগাযোগ, এবং স্বভাব সংক্রান্ত সুনির্দিষ্ট বিবরণ।
- f. ফর্ম 104S - ক্রমবর্ধমান স্বাস্থ্য সংক্রান্ত রেকর্ড, এতে অন্তর্ভুক্ত DOE-এর ক্লাসরুম টিচারের পর্যবেক্ষণের রেকর্ডের পাশাপাশি বিভিন্ন স্বাস্থ্য পরীক্ষা এবং অন্য নির্দিষ্ট স্বাস্থ্যগত তথ্য।
- g. শিক্ষার্থীর টিকা বা ইমিউনাইজেশনের সার্টিফিকেট এবং ইমিউনাইজেশনের সাথে সংশ্লিষ্ট অন্যান্য রেকর্ডসমূহ।

2. তথ্য প্রবেশাধিকার

- a. শিক্ষার্থীর স্বাস্থ্য সংক্রান্ত রেকর্ডসমূহ গোপনীয় ডকুমেন্ট।
- b. OSH কর্মীগণ স্কুল কর্মকাণ্ডে কোনও শিক্ষার্থীর অংশগ্রহণের উপর প্রভাব ফেলতে পারে এমন স্বাস্থ্য-সংক্রান্ত যেকোনো তথ্য অথবা যেটার নির্দিষ্ট কোনও বিধি মেনে চলার প্রয়োজনীয়তা আছে সেটি সম্পর্কে প্রিন্সিপ্যাল এবং অন্যান্য যথাযথ স্কুল কর্মীদের অবহিত করবে। মেডিক্যাল রেকর্ডের গোপনীয়তার নীতির সাথে সামঞ্জস্য বজায় রেখে তথ্য শেয়ার করা হবে।
- c. ASHR এবং উপরে উল্লিখিত সকল স্বাস্থ্য-সম্পর্কিত ফর্মসমূহ OSH কর্তৃক গোপনীয়তার সাথে সংরক্ষিত হয়। OSH কর্তৃক সংরক্ষিত স্বাস্থ্য-সংক্রান্ত রেকর্ডের কপি পাবার জন্য একজন পিতামাতা লিখিত অনুরোধ জানাতে পারেন। শিক্ষার্থীর পিতামাতা ব্যতীত অন্য কোনো ব্যক্তিকে স্বাস্থ্য-সংক্রান্ত রেকর্ডের অনুরোধ জানাতে হলে অবশ্যই মেডিকেল রেকর্ডের গোপনীয়তার নীতি মেনে তা করতে হবে।
- d. এই প্রবিধানে যখনই “প্যারেন্ট” শব্দটি ব্যবহৃত হয়, তার অর্থ হলো শিক্ষার্থীর পিতামাতা অথবা অভিভাবক, অথবা পিতামাতা স্থানীয় কোনও ব্যক্তি অথবা শিক্ষার্থীর দেখাশোনা করে এমন সম্পর্কযুক্ত কোনও ব্যক্তি, অথবা শিক্ষার্থী, যদি সে একজন স্বনির্ভর নাবালক অথবা সে 18 বছর বয়সী হয়ে থাকে।

II. চিকিৎসাগত মূল্যায়ন

A. স্বাস্থ্য পরীক্ষা

1. নতুন ভর্তি শিক্ষার্থী

- a. সকল শিক্ষার্থী যারা DOE-র 3-K অথবা প্রি-কিন্ডারগার্টেন প্রোগ্রামে অথবা প্রথমবারের মত DOE-এর কোনো স্কুলে যাচ্ছে, তাদের অবশ্যই একজন লাইসেন্সধারী স্বাস্থ্য সেবা প্রদানকারী (চিকিৎসক, নার্স প্র্যাকটিশনার, অথবা ফিজিশিয়ান অ্যাসিস্ট্যান্ট) পরিচালিত একটি সামগ্রিক

স্বাস্থ্য পরীক্ষা করাতে এবং তার স্বাস্থ্য সেবা প্রদানকারী দ্বারা পূরণকৃত CH205 ফর্ম জমা দিতে হবে। স্কুল শুরু করার পূর্ববর্তী 12 মাস সময়ের মধ্যে অবশ্যই এই পরীক্ষাটি করাতে হবে।

- b. প্রি-কিন্ডারগার্টেন শিক্ষার্থী যারা স্কুলে এনরোলড আছে তাদের অবশ্যই কিন্ডারগার্টেনে একটি নতুন CH205 জমা দিতে হবে। স্কুলে প্রবেশের সময় যেসব শিক্ষার্থীর বয়স 5 বছরের কম ছিলো তারা তাদের 5-তম জন্মদিনের পরে একটি নতুন স্বাস্থ্য পরীক্ষার ভিত্তিতে একটি নতুন CH205 জমা দেবে।
- c. স্বাস্থ্যগত মূল্যায়ন না থাকার কারণে কোন শিক্ষার্থীকে স্কুল থেকে বাদ দেয়া যাবে না। যদি পিতামাতা এই রকম মূল্যায়নের ডকুমেন্টেশন উপস্থাপন করতে না পারেন, একজন OSH চিকিৎসক নিউ ইয়র্ক সিটি হেলথ কোডের ধারা 49.05 অনুযায়ী স্কুলে শিক্ষার্থীর মূল্যায়ন এবং তার জন্য CH205 ফর্মটি পূরণ করবেন। পরীক্ষাটি সম্পর্কে অবশ্যই পিতামাতাকে জানাতে হবে এবং তাদের উপস্থিতি জোরালোভাবে উৎসাহিত করা হচ্ছে। পিতামাতার অনুপস্থিতিতে, OSH কর্তৃক অ্যাসাইনকৃত একজন শ্যাপেরন (সহচর) অবশ্যই স্বাস্থ্য পরীক্ষার সময় উপস্থিত থাকবেন।

2. বিশেষ পরিস্থিতি

a. স্পেশাল এডুকেশন মূল্যায়ন

স্পেশাল এডুকেশন মূল্যায়নের একটি প্রাথমিক অংশ হিসেবে, DOE স্কুল অথবা কমিটি অন স্পেশাল এডুকেশন (CSE) অবশ্যই অনুরোধ জানাবে যে পিতামাতা যেন শিক্ষার্থীর প্রাইমারি কেয়ার প্রোভাইডার (প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদানকারী)-এর কাছ থেকে বিগত বছরের মাঝে শিক্ষার্থীর সংক্ষিপ্ত স্বাস্থ্য পরীক্ষার একটি ফর্ম পূরণ করিয়ে নেন, এবং ফর্মটি স্কুলে/CSE-তে ফেরত দেন। ফর্মে শিক্ষার্থীর দৃষ্টি (চোখ) এবং শ্রুতি (কান) পরীক্ষার ফলাফল অন্তর্ভুক্ত থাকতে হবে। এই পরীক্ষাগুলো OSH-এর চিকিৎসকগণ করেন না।

b. ইন্টারস্কলাস্টিক স্পোর্টস্

- i. ইন্টারস্কলাস্টিক স্পোর্টসে অংশগ্রহণের আগে, একজন শিক্ষার্থীকে DOE-র পূরণকৃত ইন্টারস্কলাস্টিক স্পোর্টস্ ফিজিক্যাল এক্সামিনেশন ফর্ম অবশ্যই স্কুলের অ্যাথলেটিক ডিরেক্টর অথবা স্পোর্টস্ কোচের কাছে জমা দিয়ে তার স্বাস্থ্য পরীক্ষার প্রমাণ দিতে হবে।
- ii. একজন চিকিৎসক, নার্স প্র্যাকটিশনার, অথবা ফিজিশিয়ানের অ্যাসিস্ট্যান্ট অবশ্যই শিক্ষার্থীকে পরীক্ষা করে নির্দিষ্ট DOE ইন্টারস্কলাস্টিক স্পোর্টস্ ফর্ম প্রত্যয়ন (সার্টিফাই) করবেন যে, শিক্ষার্থীর এমন কোনো স্বাস্থ্যগত অবস্থা নেই যা তাকে পাবলিক স্কুলের অ্যাথলেটিক লিগের নিয়মাবলী অনুসারে খেলাধুলায় অথবা প্রশিক্ষণে সুরক্ষিতভাবে অংশগ্রহণ থেকে বিরত রাখবে। প্রত্যেক শিক্ষা বছরে একটি নতুন মূল্যায়ন আবশ্যিক।

- iii. যদি শিক্ষার্থী এধরণের শারীরিক পরীক্ষার প্রমাণ দিতে অক্ষম হয়, তাহলে একজন OSH চিকিৎসক অথবা নার্স প্র্যাকটিশনার স্কুলে তার পরীক্ষা করতে পারেন। পিতামাতা অবশ্যই শিক্ষার্থীর স্বাস্থ্যগত অতীত ইতিহাসের ফর্মটি পূরণ করবেন এবং পরীক্ষার জন্য লিখিত সম্মতি প্রদান করবেন। যদি পরীক্ষার জন্য পিতামাতা উপস্থিত না থাকতে পারেন, তবে OSH কর্তৃক নিয়োজিত একজন সহচর (শ্যাপেরন) অবশ্যই উপস্থিত থাকবেন। চিকিৎসকদের অবশ্যই মূল্যায়নটিকে সুনির্দিষ্ট DOE ইন্টারস্কলাস্টিক স্পোর্টস্ ফিজিক্যাল এক্সামিনেশন ফর্মে লিপিবদ্ধ করতে হবে।

B. উচ্চতা এবং ওজন

শিক্ষার্থীদের অবশ্যই তাদের উচ্চতা এবং ওজন পরিমাপ করাতে হবে এবং সেটা NYC FITNESSGRAM-এর পরিমাপ প্রক্রিয়ার একটি অংশ হিসেবে প্রত্যেক শিক্ষা বছর রেকর্ড করতে হবে। এটি অবশ্যই ক্লাসরুম শিক্ষক অথবা শরীরচর্চার শিক্ষক এমনভাবে করবেন যেন সেটা ফলাফলের গোপনীয়তা এবং শিক্ষার্থীর গোপনীয়তার সম্মানের প্রতি নিশ্চিত রেখে করা হয়। ফলাফলসমূহ শরীরচর্চার শিক্ষক অথবা প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি কর্তৃক NYC FITNESSGRAM অনলাইন আবেদনে লিপিবদ্ধ করতে হবে। NYC FITNESSGRAM ফলাফল প্রত্যেক শিক্ষার্থীর জন্য একটি বডি ম্যাস ইনডেক্স (BMI) প্রতিষ্ঠা করতে ব্যবহৃত হবে এবং ফলাফল পিতামাতাকে জানানো হবে।

C. দৃষ্টি পরীক্ষা

কোনও DOE স্কুলে নতুন ভর্তি সকল শিক্ষার্থীদের ভর্তির ছয় (6) মাসের মধ্যে অবশ্যই স্বাস্থ্য পরীক্ষা করাতে হবে। শিক্ষার্থীদের অবশ্যই প্রি-কিন্ডারগার্টেন, কিন্ডারগার্টেন, এবং 1, 3, এবং 5 গ্রেডে স্বাস্থ্য পরীক্ষা করাতে হবে। অতিরিক্তভাবে, যদি স্কুল কর্মীগণ সন্দেহ করেন যে শিক্ষার্থীর দেখতে সমস্যা হচ্ছে যা তার স্কুলের কার্যসম্পাদনায় ব্যাঘাত ঘটাবে তাহলে স্কুলটি শিক্ষার্থীর দৃষ্টি পরীক্ষা পরিচালনা করতে অথবা সুপারিশ জানাতে পারে যেন পিতামাতা শিক্ষার্থীর দৃষ্টি পরীক্ষা করায়।

1. পরীক্ষা পরিচালনা

a. DOHMH-এর দৃষ্টি পরীক্ষা

- i. DOHMH-এর দৃষ্টি পরীক্ষার টিমগুলি প্রি-কিন্ডারগার্টেন, কিন্ডারগার্টেন, এবং প্রথম (1) গ্রেডের শিক্ষার্থীদের দৃষ্টি পরীক্ষা পরিচালনা করে।
- ii. DOHMH টিম কর্তৃক পরীক্ষিত শিক্ষার্থীদের ডাটা DOHMH মাসিক ভিত্তিতে ATS-এ আপলোড করে।
- iii. যেসকল প্রি-কিন্ডারগার্টেন, কিন্ডারগার্টেন, এবং 1 গ্রেডের শিক্ষার্থীর স্ক্রিনিং বা পরীক্ষা করা হয়নি, DOHMH তাদের নাম প্রিন্সিপ্যালের কাছে রিপোর্ট করবে।

b. স্কুলে পরীক্ষা বা স্ক্রিনিং

- i. 3 এবং 5 গ্রেডের শিক্ষার্থীদের দৃষ্টি পরীক্ষা শেষ হয়েছে এবং DOHMH কোন্ শিক্ষার্থীদের পরীক্ষা করেনি, তা নিশ্চিত করা প্রিন্সিপ্যালের দায়িত্ব। এধরনের পরীক্ষা দূরের দৃষ্টির তীক্ষ্ণতা এবং কাছের দৃষ্টির তীক্ষ্ণতা যাচাই করবে।
- ii. প্রিন্সিপ্যাল এই পরীক্ষা পরিচালনার জন্য যাদেরকে উপযুক্ত মনে করেন তাদেরকে নিয়ে প্রিন্সিপ্যাল একটি দৃষ্টি পরীক্ষার টিম গঠন করবেন।
- iii. স্কুল-ভিত্তিক দৃষ্টি পরীক্ষার টিম কর্তৃক পরিচালিত পরীক্ষার ফলাফল যেন ATS-এ এন্টার করা হয় তা প্রিন্সিপ্যাল নিশ্চিত করবেন।

iv. স্কুল-ভিত্তিক দৃষ্টি পরীক্ষার টিমগুলিকে প্রশিক্ষণ এবং পরীক্ষার সরঞ্জাম প্রদান করার মাধ্যমে OSH সহায়তা করবে।

2. ফলাফলের বিজ্ঞপ্তি বা নোটিফিকেশন

- সকল দৃষ্টি পরীক্ষার ফলাফল পরবর্তী পদক্ষেপের সুপারিশসহ পিতামাতাকে অবশ্যই জানানো হবে। যদি পরবর্তী পদক্ষেপের প্রয়োজন হয়, পিতামাতাগণকে অবশ্যই একটি চিঠির মাধ্যমে সুপারিশ প্রদান করতে হবে যেন শিক্ষার্থীকে একজন চোখের ডাক্তার (অপটোমেট্রিস্ট অথবা অপথালমোলজিস্ট) দেখানো হয় এবং ঐ ডাক্তার একটি DOHMH E-12S ফর্ম পূরণ করবেন।
- DOHMH পরীক্ষা পরিচালনার বিবরণ সহ পিতামাতাকে বিজ্ঞপ্তি প্রদান করবে। প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি স্কুল যে পরীক্ষাগুলো পরিচালনা করবে সেগুলোর বিবরণ সহ পিতামাতাকে বিজ্ঞপ্তি প্রদান করবে।

III. টিকা বা ইমিউনাইজেশনের আদেশসমূহ

নিউ ইয়র্ক স্টেট পাবলিক হেলথ আইন (PHL) § 2164 অনুযায়ী সকল নিউ ইয়র্ক স্টেট শিক্ষার্থীর জন্য পোলিওমাইলিটিস, মামস্, মিজলস্, ডিপথেরিয়া, রুবেলা, ভ্যারিসেলা, হেমোফিলাস ইনফ্লুয়েঞ্জা টাইপ b (Hib), পারটুসিস, টিটেনাস, নিউমোকোকাল রোগ, এবং হেপাটাইটিস B রোগের প্রতিষেধক ইমিউনাইজেশন (টিকা) আবশ্যিক। 7 এবং 12 গ্রেডে প্রবেশকারী নিউ ইয়র্ক স্টেট শিক্ষার্থীদের জন্য মেনিনগোকোকাল রোগের প্রতিষেধক টিকা গ্রহণ করাও আবশ্যিক।

A. রেকর্ড সংরক্ষণ

- স্কুল অবশ্যই ইমিউনাইজেশনের ড্যাটা ATS-এ এন্টার করবে। স্কুলকে অবশ্যই শিক্ষার্থীর ইমিউনাইজেশন শর্তের সাথে সম্পর্কিত সকল রেকর্ডের ক্রমবর্ধমান রেকর্ড সংরক্ষণ করতে হবে, এতে অন্তর্ভুক্ত ইমিউনাইজেশনের সার্টিফিকেট, অব্যাহতির অনুরোধ, এবং অব্যাহতির অনুরোধের উপর সিদ্ধান্ত।
- DOHMH-এর জন্য সিটিব্যাপী টিকা বা প্রতিষেধক নিবন্ধন (সিটিওয়াইড ইমিউনাইজেশন রেজিস্ট্রি, CIR) হচ্ছে টিকা বা ইমিউনাইজেশনের তথ্যাবলী (ড্যাটা) রেকর্ড করার একটি অফিশিয়াল পদ্ধতি বা সিস্টেম। CIR সাপ্তাহিক ভিত্তিতে ATS-এ ইমিউনাইজেশন ড্যাটা স্থানান্তর করে।

B. নতুন ভর্তি শিক্ষার্থীদের জন্য ইমিউনাইজেশনের সাময়িক শর্ত

- নতুন ভর্তি শিক্ষার্থীদের জন্য <https://www.schools.nyc.gov/school-life/health-andwellness/> সাইটে বর্ণিত টিকা বা ইমিউনাইজেশনের সাময়িক শর্ত পূরণ করেছে, এই মর্মে ডকুমেন্টেশন প্রদান না করা পর্যন্ত তারা রেজিস্টার করতে পারবে কিন্তু স্কুলে যোগ দিতে পারবে না।
- স্কুলে যোগদানের জন্য যখন কোনও শিক্ষার্থী টিকা বা ইমিউনাইজেশনের শর্ত পূরণ করে না, প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি চিঠির মাধ্যমে অবশ্যই পিতামাতাকে জানাবেন যে, এই বিজ্ঞপ্তি বা নোটিস প্রদানের 14 ক্যালেন্ডার দিবসের মধ্যে যদি তারা অতিরিক্ত ইমিউনাইজেশনের নথি বা ডকুমেন্টেশন উপস্থাপন করতে না পারে, তাহলে তাদের সন্তানকে স্কুল থেকে বাদ দেয়া হবে। যদি বাধ্যতামূলক 14 ক্যালেন্ডার দিবসের মধ্যে নথি বা ডকুমেন্টেশন না দেয়া হয়,

তাহলে প্রিন্সিপ্যাল অবশ্যই স্কুল থেকে বাদ দেয়ার একটি লিখিত নোটিস পিতামাতাকে পাঠাবেন। শিক্ষার্থীকে স্কুলে যোগদানের অনুমতি নাও দেয়া হতে পারে এবং এই প্যারাগ্রাফ অনুযায়ী যখন কোনও শিক্ষার্থীকে বাদ দেয়া হয়, তখন তার অনুপস্থিতির জন্য উপস্থিতির কোড 17 অবশ্যই লিপিবদ্ধ হবে।

3. যদি ইমিউনাইজেশনের কোনও প্রমাণ থাকে, একজন প্রিন্সিপ্যাল অন্য স্টেট বা দেশ থেকে বদলির হয়ে আসা কোনও শিক্ষার্থীকে 30 দিন (এতে অন্তর্ভুক্ত 14 ক্যালেন্ডার দিবস সময়কাল, যা III.B.2-এ বর্ণিত আছে) পর্যন্ত স্কুলে যোগদানের অনুমতি দিতে পারেন। একজন লাইসেন্সধারী স্বাস্থ্যসেবা প্রদানকারীর কাছ থেকে লিখিত নিশ্চয়তা অবশ্যই 30 দিনের মধ্যে জমা দিতে হবে অথবা শিক্ষার্থীকে অবশ্যই স্কুল থেকে বাদ দেয়া হবে।
4. ম্যাকিনি-ভেন্টো আইন এবং চ্যাসেলরের প্রবিধান A-780 অনুযায়ী, অস্থায়ী আবাসনের একজন শিক্ষার্থীকে (স্টুডেন্ট ইন টেম্পোরারী হাউজিং, STH), এমন কি সে যদি টিকা বা ইমিউনাইজেশনের শর্ত পূরণের কোনও নথি বা ডকুমেন্ট দেখাতে অক্ষমও হয়, তাকে তাৎক্ষণিকভাবে স্কুলে ভর্তি করতে হবে। এই ধরনের নথি বা ডকুমেন্ট লাভে স্কুল অবশ্যই পিতামাতাকে সহায়তা করবে। যদি টিকা বা ইমিউনাইজেশনের রেকর্ড পাওয়া না যায়, পিতামাতাকে, স্কুল-ভিত্তিক STH লিয়াজো(গণে)র সাথে পরামর্শের ভিত্তিতে, সহায়তার জন্য ওয়াক-ইন ইমিউনাইজেশন ক্লিনিকে পাঠানো হবে।

C. টিকা বা ইমিউনাইজেশনের সময়সূচি

1. 18 বছর বয়স পর্যন্ত শিক্ষার্থীদের টিকা বা ইমিউনাইজেশনের শর্তাবলী নিচের উল্লিখিত সাইটে পাওয়া যাবে: <https://www.schools.nyc.gov/school-life/health-and-wellness/immunizations>।
2. শর্ত পূরণ করেছে বলে বিবেচিত হতে এবং স্কুলে থাকতে হলে শিক্ষার্থীদের অবশ্যই অ্যাডভাইজরি কমিটি অন ইমিউনাইজেশন প্র্যাকটিস (ACIP)-এর শিশু ও বয়স্কদের টিকা বা ইমিউনাইজেশনের সময়সূচি অনুযায়ী তাদের পূর্ণ টিকাদান বা ইমিউনাইজেশন সম্পন্ন করতে হবে। যেসব শিক্ষার্থী সম্পূর্ণ প্রতিষেধকযুক্ত বা ইমিউনাইজড নয়, তারা শুধুমাত্র স্কুলে যোগদান অব্যাহত রাখতে পরবে যদি তারা ACIP-এর সূচির সাথে তাল মিলিয়ে বয়স-উপযোগী টিকা বা ইমিউনাইজেশনের সিরিজ পূরণের প্রক্রিয়ায় থেকে থাকে। ATS সিস্টেম আপনাআপনিভাবে যেসব শিক্ষার্থী সাময়িক অবস্থার সুযোগ নিয়ে ভর্তি হয়েছে অথচ পূর্ণ প্রতিষেধক গ্রহণের (ইমিউনাইজেশনের) পথে আবশ্যিক অগ্রগতি করতে পারছে না তাদের চিহ্নিত করবে।
3. উপরে বর্ণিত টিকা গ্রহণ বা ইমিউনাইজেশনের শর্ত 18 বছর বয়সের অধিক শিক্ষার্থীদের বেলায় প্রযোজ্য নয়। তথাপি, এইসব শিক্ষার্থীদের ACIP-তে বর্ণিত টিকা বা ইমিউনাইজেশন গ্রহণের সুপারিশ অনুযায়ী প্রতিষেধক প্রাপ্ত (ইমিউনাইজড) হতে জোরালোভাবে উৎসাহিত করা হয়।

D. টিকা বা ইমিউনাইজেশনের শর্তাবলী থেকে স্বাস্থ্যগত কারণে অব্যাহতি

PHL § 2164 এবং নিউ ইয়র্ক সিটি হেলথ কোড টিকা বা ইমিউনাইজেশন থেকে স্বাস্থ্যগত কারণে অব্যাহতির অনুমতি দেয়। স্বাস্থ্যগত কারণে অব্যাহতি, যদি অনুমোদিত হয়, প্রতি শিক্ষা বছর অবশ্যই নবায়ন করতে হবে। শর্ত অনুযায়ী এগুলি সাময়িক ভিত্তিতে (এক বছরের কম সময়) অনুমোদিত হতে পারে। OSH অনুমোদনটি ATS-এ লিপিবদ্ধ করে।

1. অব্যাহতির অনুরোধ: স্বাস্থ্যগত কারণে অব্যাহতির অনুরোধ জানাতে হলে, পিতামাতাকে অবশ্যই মেডিক্যাল রিকোর্ডে ফর ইমিউনাইজেশন ফর্ম পূরণ করতে হবে এবং সেটা নিউ ইয়র্ক স্টেট

লাইসেন্সধারী একজন চিকিৎসক দ্বারা স্বাক্ষর করাতে হবে, যেখানে কোনও সুনির্দিষ্ট ভ্যাকসিনে(সমূহে) শিক্ষার্থীর বৈধ পার্শ্ব প্রতিক্রিয়ার কথা উল্লেখ থাকতে হবে। স্কুল কর্তৃপক্ষ পূরণকৃত অনুরোধের ফর্মটি DOE-র বরো/সিটিওয়াইড অফিস হেলথ ডিরেক্টরের কাছে পাঠাবেন, যিনি সেটা OSH-এ জমা দেবেন। একজন OSH সেন্ট্রাল অফিস চিকিৎসক স্বাস্থ্যগত অব্যাহতির বিষয়টি পর্যালোচনার পর হয় অনুমোদন বা প্রত্যাখ্যান করবেন। প্রাথমিক অনুরোধ পর্যালোচনা চলাকালে শিক্ষার্থীদের স্কুলে থাকার অনুমতি প্রদান করা হয়। স্বাস্থ্যগত কারণে অব্যাহতির প্রাথমিক অনুরোধ প্রত্যাখ্যান করা হলে, পিতামাতা পুনর্বিবেচনার জন্য অনুরোধ জানাতে পারেন এবং প্রত্যাখ্যানের চিঠি পাবার 14 ক্যালেন্ডার দিবসের মধ্যে অতিরিক্ত নথিপত্র বা ডকুমেন্টেশন জমা দিতে পারেন। এই সময়ের মধ্যে যদি পুনর্বিবেচনা না চাওয়া হয়, সেক্ষেত্রে এইসব শিক্ষার্থীকে অবশ্যই তাৎক্ষণিকভাবে স্কুল থেকে বাদ দেয়া হবে।

2. পুনর্বিবেচনার জন্য অনুরোধ: স্বাস্থ্যগত কারণে অব্যাহতি প্রত্যাখ্যানের চিঠি পাবার 14 দিনের মধ্যে পিতামাতা পুনর্বিবেচনার জন্য একটি অনুরোধ, এবং অতিরিক্ত মেডিক্যাল নথিপত্র বা ডকুমেন্টেশন স্কুলে জমা দিতে পারেন, যা একজন OSH চিকিৎসক পর্যালোচনা করবেন। পুনর্বিবেচনা প্রক্রিয়া চলাকালে শিক্ষার্থীদের স্কুলে থাকার অনুমতি প্রদান করা হয়। যদি স্বাস্থ্যগত কারণে অব্যাহতির অনুরোধ আবার প্রত্যাখ্যাত হয়, তাহলে পিতামাতা দ্বিতীয় প্রত্যাখ্যানের চিঠি পাবার 14 ক্যালেন্ডার দিবসের মধ্যে একটি আপিল জমা দিতে পারেন। এই সময়ের মধ্যে যদি কোনও আপিল না জমা দেয়া হয়, তাহলে এই শিক্ষার্থীদের তাৎক্ষণিকভাবে স্কুল থেকে বাদ দেয়া হবে।
3. OSH মেডিক্যাল ডিরেক্টরের কাছে আপিল: পিতামাতাগণ স্বাস্থ্যগত কারণে অব্যাহতি প্রত্যাখ্যাত হবার 14 ক্যালেন্ডার দিবসের মধ্যে চূড়ান্ত সিদ্ধান্তের জন্য স্কুলে একটি আপিল জমা দিতে পারেন। স্কুল কর্তৃপক্ষ আপিলটি OSH মেডিক্যাল ডিরেক্টরের কাছে পাঠাবে, যিনি ব্যুরো অভ ইমিউনাইজেশনের সাথে পরামর্শ করে সেটি পর্যালোচনা করবেন। OSH মেডিক্যাল ডিরেক্টর সিদ্ধান্ত গ্রহণ না করা পর্যন্ত শিক্ষার্থীরা স্কুলে থাকতে পারবে। আপিল প্রত্যাখ্যাত হলে, এই শিক্ষার্থীদের অবশ্যই তাৎক্ষণিকভাবে স্কুল থেকে বাদ দেয়া হবে। OSH মেডিক্যাল ডিরেক্টরের স্বাস্থ্যগত কারণে আপিল সম্পর্কিত সকল সিদ্ধান্ত চূড়ান্ত।

E. নিউ ইয়র্ক স্টেট কমিশনার অভ এডুকেশনের কাছে আপিল

কোনও শিক্ষার্থী টিকা বা ইমিউনাইজেশনের শর্ত পূরণ না করার কারণে অথবা যে শিক্ষার্থীর ইমিউনাইজেশন শর্ত থেকে স্বাস্থ্যগত কারণে অব্যাহতির অনুরোধ প্রত্যাখ্যাত হয়েছে তাদের যেকোনও পিতামাতা OSH মেডিক্যাল ডিরেক্টরের সিদ্ধান্তের 30 ক্যালেন্ডার দিবসের মধ্যে কমিশনার অভ এডুকেশনের কাছে দরখাস্তের মাধ্যমে আপিল করতে পারেন। এই আপিল প্রক্রিয়ার সময় শিক্ষার্থীদের স্কুলে অংশগ্রহণের অনুমোদন দেয়া হবে না।

F. নিউ ইয়র্ক সিটি ইনফ্লুয়েঞ্জা টিকা বা ইমিউনাইজেশনের শর্তাবলী

নিউ ইয়র্ক সিটি হেলথ কোডের ধারা 43-এর শর্তানুযায়ী, 6 মাস থেকে 59 মাস বয়সী শিক্ষার্থীদের স্কুল-পরিচালিত আলি এডুকেশন প্রোগ্রামে প্রতি বছর ডিসেম্বর 31 তারিখের আগে ইনফ্লুয়েঞ্জা প্রতিষেধকযুক্ত (ইমিউনাইজড) হতে হবে।

G. টিকা বা ইমিউনাইজেশন দ্বারা প্রতিরোধযোগ্য কোনও রোগের প্রাদুর্ভাব হলে সেসময় ছাড় বা অব্যাহতি

টিকা-প্রতিরোধযোগ্য রোগসমূহ যেগুলি PHL § 2164-এ তালিকাভুক্ত, সেগুলোর কোনও একটির

প্রাদুর্ভাব স্কুলে দেখা গেলে, যেসকল শিক্ষার্থী টিকা বা ইমিউনাইজেশন থেকে অব্যাহতি পেয়েছে অথবা যারা আবশ্যিক ইমিউনাইজেশন প্রক্রিয়ায় আছে, DOHMH তাদেরকে স্কুলে যোগদান থেকে বিরত রাখতে পারে। বিপদ কেটে গেছে, DOHMH এই সিদ্ধান্ত না নেয়া পর্যন্ত এই ধরনের বিরতি অব্যাহত থাকবে।

IV. ঔষধ এবং বিশেষ সুবিধাসমূহ

A. ঔষধ প্রদান এবং প্রক্রিয়াসমূহ

1. স্কুল এবং অন্য DOE প্রোগ্রাম এবং কর্মকাণ্ডে স্বাস্থ্যসেবা প্রদানকারী কর্তৃক পূরণকৃত এবং একজন পিতামাতা কর্তৃক স্বাক্ষরিত MAF (মেডিকেল অ্যাডমিনিস্ট্রেশন ফর্ম) অনুযায়ী কোনও শিক্ষার্থীকে ঔষধ প্রদান বা ঔষধ খাওয়ানো হতে পারে। এই চিকিৎসা প্রক্রিয়াসমূহ স্কুল দিবসে অথবা DOE প্রোগ্রাম এবং কর্মকাণ্ড চলাকালে একজন স্বাস্থ্যসেবা প্রদানকারী কর্তৃক পূরণকৃত এবং একজন পিতামাতা স্বাক্ষরিত একটি রিকোয়েস্ট ফর প্রোভিশন অভ মেডিক্যালি প্রেসক্রাইবড ট্রিটমেন্ট অনুযায়ী করা যেতে পারে। স্বাস্থ্যসেবা প্রদানকারীকে অবশ্যই একজন চিকিৎসক, নার্স প্র্যাকটিশনার, অথবা ফিজিশিয়ান অ্যাসিস্ট্যান্ট হতে হবে যিনি নিউ ইয়র্ক, নিউ জার্সি, অথবা কানেকটিকাটে প্র্যাকটিসের জন্য লাইসেন্সধারী। এই ফর্মগুলি পিতামাতা তাদের সন্তানের স্কুল অথবা DOE ওয়েবসাইট থেকে সংগ্রহ করতে পারেন এবং পূরণ করার পর অবশ্যই OSH স্টাফদের কাছে জমা দেবেন। MAF-এ যেকোনো পরিবর্তন অবশ্যই লিখিতভাবে করতে হবে এবং সেটি লাইসেন্সধারী স্বাস্থ্যসেবা প্রদানকারী কর্তৃক স্বাক্ষরিত হতে হবে। একটি নতুন MAF এবং/অথবা রিকোয়েস্ট ফর প্রোভিশন অভ মেডিক্যালি প্রেসক্রাইবড ট্রিটমেন্ট অবশ্যই প্রতি শিক্ষা বছর শুরুর আগে অথবা তারপর যথাশীঘ্র OSH-এ অথবা স্কুল নার্সের কাছে জমা দিতে হবে।
2. শুধুমাত্র লাইসেন্সধারী একজন স্বাস্থ্যসেবা প্রদানকারী কোনও শিক্ষার্থীকে এই ঔষধ প্রদানের জন্য অনুমোদিত, এর ব্যতিক্রম জীবন-রক্ষাকারী ঔষধ, যেমন এপিনেফ্রিন অথবা গ্লুকাগন। সকল ঔষধ অবশ্যই স্কুলে অরিজিনাল ফার্মেসি কনটেইনারে হাতে-হাতে পাঠাতে হবে। স্কুলে যদি কোনও দায়িত্বপ্রাপ্ত নার্স থাকেন, তিনি OSH নীতি এবং প্রক্রিয়া অনুযায়ী ঔষধগুলি সংরক্ষণ এবং প্রদান করবেন। স্কুলে যদি কোনও অ্যাসাইনকৃত নার্স না থাকেন, তবে প্রিন্সিপ্যাল তালাবদ্ধ ক্যাবিনেট অথবা রেফ্রিজারেটরে ঔষধগুলি সংরক্ষণ করবেন এবং প্রত্যেক শিক্ষার্থী যারা স্কুলে ঔষধ পাবার জন্য অনুমোদিত তাদের জন্য একটি লগ (এবং নির্দেশনা অনুযায়ী অন্যান্য প্রমাণাদি বা ডকুমেন্টেশন) রাখবেন, এবং যেসব ব্যক্তি ঔষধ প্রদানে প্রশিক্ষণ প্রাপ্ত তারা প্রয়োজনবোধে সেখানে প্রবেশাধিকার পাবেন এবং ঔষধ প্রদান করতে পারবেন। যেসব শিক্ষার্থী তাদের বর্তমান MAF-এ “স্বনির্ভর” অথবা “তদারকিকৃত” হিসেবে শনাক্ত তারা তাদের ঔষধপত্র গ্রহণ, নিজে নিজে সেগুলি বহন, এবং নিজে নিজে সেবন বা প্রয়োগ করতে পারবে।
3. যদি কোনও শিক্ষার্থীর ঔষধ গ্রহণ স্কুল এবং অন্য DOE প্রোগ্রামে এবং কর্মকাণ্ডে তার অন্য সহপাঠী যারা প্রতিবন্ধিতাযুক্ত নয় তাদের সাথে সমানভাবে অংশগ্রহণ প্রভাবিত করে, এবং/অথবা যদি শিক্ষার্থীটির অন্যথায় বিশেষ সুবিধার আবশ্যিকতা থেকে থাকে, তাহলে পিতামাতাকে স্কুল ভিত্তিক সেকশন 504 কোঅর্ডিনেটরের (প্রত্যেক স্কুলে লভ্য) সাথে যোগাযোগ করতে হবে এবং চ্যাসেলরের প্রবিধান A-710-এ বর্ণিত প্রক্রিয়া অনুযায়ী বিশেষ সুবিধার অনুরোধ জানাতে হবে।

B. জরুরি ওষুধপত্র

1. এপিনেফ্রিন

এপিনেফ্রিন ইনজেকশন ব্যবহৃত হয় অ্যানাফিলাক্সিস-এর মত জরুরি স্বাস্থ্য-সংক্রান্ত চিকিৎসার ক্ষেত্রে, যা প্রাণঘাতী একটি মারাত্মক স্বাস্থ্য সঙ্কট এবং এই অবস্থার উদ্ভব হয় যখন সুনির্দিষ্ট কোনও অ্যালার্জিক কোনও ব্যক্তি সেই অ্যালার্জেনের (যেমন কোনও খাবার অথবা পোকা-মাকড়ের কামড়) সংস্পর্শে আসে। OSH সেটার মেডিক্যাল রুমে জরুরি ক্ষেত্রে ব্যবহারের জন্য এপিনেফ্রিন মজুদ রাখে, যেন অ্যানাফিলাক্সিসের ঘটনায় সেটার স্টাফ সেটি প্রদান করতে পারেন। চ্যান্সলরের প্রবিধান A-715-এর সাথে সমন্বিতভাবে, OSH শিক্ষক, প্যারাপ্রফেশনাল, এবং অন্য স্কুল কর্মীগণ যারা গুরুতর অ্যালার্জিক শিক্ষার্থীদের সাথে কাজের জন্য নিযুক্ত তাদেরকে MAF-গুলির জন্য এপিনেফ্রিন অটো-ইনজেকটর ব্যবহারের প্রশিক্ষণ দেবে। ট্রেনিংপ্রাপ্ত কর্মীগণ এপিনেফ্রিন অটো-ইনজেকটর যেন MAF-যুক্ত শিক্ষার্থীদের কাছাকাছি থাকে তা নিশ্চিত করবেন।

2. গ্লুকাগন

গ্লুকাগন একটি প্রেসক্রিপশন ওষুধ যা রক্তে গ্লুকোজের স্তর বৃদ্ধি করে এবং ডায়াবেটিসযুক্ত শিক্ষার্থীদের গুরুতর হাইপোগ্লাইসিমিয়া (রক্তে নিম্ন গ্লুকোজ) চিকিৎসায় ব্যবহৃত হয়। OSH একজন শিক্ষার্থীর ডায়াবেটিস মেডিকেশন অ্যাডমিনিস্ট্রেশন ফর্ম (DMAF) এবং/অথবা 504 প্ল্যান অনুযায়ী ডায়াবেটিসযুক্ত শিক্ষার্থীদেরকে গ্লুকাগন প্রদানের জন্য শিক্ষক, প্যারাপ্রোফেশনাল, এবং অন্য স্কুল কর্মীদের প্রশিক্ষণ দেবে।

V. জরুরি স্বাস্থ্যগত পরিস্থিতি

A. জরুরি পরিস্থিতিতে বাড়ির সাথে যোগাযোগের তথ্য

প্রত্যেক শিক্ষার্থীর ATS ফাইলে এবং ইমার্জেন্সি হোম কন্টাক্ট কার্ড যা ব্লু কার্ড হিসেবে পরিচিত (NYC হেলথ কোড § 45.19 দেখুন) সেটিতে জরুরি যোগাযোগের তথ্য অবশ্যই সংরক্ষিত থাকতে হবে। শিক্ষার্থীরা স্কুলে ভর্তির পরপরই অবশ্যই ব্লু কার্ড পূরণ করবে এবং প্রয়োজন অনুযায়ী প্রতি শিক্ষা বছরে সেটি অবশ্যই হালনাগাদ করতে হবে। দৈনন্দিন বিষয়ে যখন পিতামাতার সাথে যোগাযোগ (যেমন শিক্ষার্থীর স্বাস্থ্যজনিত উদ্বেগের সময়) আবশ্যিক হয় সেই সময়ের জন্য এবং এর পাশাপাশি বড়-ধরনের স্কুল ইমার্জেন্সির ক্ষেত্রে (যেমন শিক্ষার্থী এবং কর্মীদের অপসারণ বা ইভাকুয়েশন) জরুরি যোগাযোগের তথ্য হালনাগাদ রাখা গুরুত্বপূর্ণ। হালনাগাদ তথ্য অবশ্যই স্কুল নার্সের সাথে শেয়ার করতে হবে, যদি স্কুলে কোনও নার্স নিয়োজিত থাকে।

B. প্রাথমিক চিকিৎসা বা ফাস্ট এইড

- যখন কোনও শিক্ষার্থী আহত বা অসুস্থ হয় এবং তার তাৎক্ষণিক চিকিৎসার প্রয়োজন পড়ে, তখন প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি প্রয়োজনীয় জরুরি চিকিৎসার ব্যবস্থা নেবেন এবং পিতামাতাকে অবহিত করবেন। স্কুলের প্রাথমিক চিকিৎসা শিক্ষার্থীর তাৎক্ষণিক চিকিৎসা চাহিদা পূরণের মাঝে সীমিত। প্রাথমিক চিকিৎসা দিতে, মানসম্মত পূর্বসতকর্তা এবং সংক্রমণ-নিয়ন্ত্রণ চর্চাসমূহ অবশ্যই অনুসরণ করতে হবে, যেন সংক্রমণমূলক রোগ পরিবাহিত হওয়া রোধ করা যায়।
- যদি এমন অবস্থা দাঁড়ায় যা অধিকতর জরুরি সেবার চাহিদা সৃষ্টি করে যেটা স্কুলে দেয়া সম্ভব নয়, সেক্ষেত্রে প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তিকে অবশ্যই 911 নম্বরে ফোন করতে হবে। এমন ধরনের পরিস্থিতিতে প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তির সাথে যোগাযোগ সম্ভব নয়,

OSH ক্লিনিক্যাল কর্মীগণ অথবা অন্য সাড়াদানকারী স্টাফ সদস্যকে অবশ্যই 911 নম্বরে ফোন করতে হবে এবং অতিসত্বর প্রিন্সিপ্যাল/তার দায়িত্ব নিযুক্ত ব্যক্তিকে জানাতে হবে।

3. যখন কোনো শিক্ষার্থীর জন্য 911 নম্বরে ফোন করা হয়, তখন 911 নম্বরে ফোন করা হয়েছে সেটা পিতামাতাকে অবহিত করার জন্য প্রিন্সিপ্যাল/মনোনীত ব্যক্তি অবশ্যই অতিসত্বর তাকে ফোন করবেন।
4. যদি স্কুল কর্মচারী শিক্ষার্থীর পিতামাতার সঙ্গে যোগাযোগে অসমর্থ হন, তাহলে ঘটনাস্থলে উপস্থিত 911 সাড়াদানকারীরা DOE কর্মচারী, পিতামাতা এবং যথোপযুক্ত অন্যান্য ব্যক্তি থেকে প্রাসঙ্গিক তথ্য সংগ্রহ করার পর, শিক্ষার্থীর জরুরি চিকিৎসা এবং/অথবা পরিবহন আবশ্যিক কিনা তা নিরূপণ করবেন। যদি নিরূপিত হয় যে শিক্ষার্থীকে হাসপাতালে পাঠানো হবে এবং পিতামাতা ইতিমধ্যে এসে পৌঁছেনি, তাহলে মনোনীত একজন স্কুল কর্মচারীকে অবশ্যই শিক্ষার্থীর সঙ্গে যেতে হবে। যদি স্কুল কর্মচারীর স্কুল দিবস শেষ হওয়ার আগে পিতামাতা না পৌঁছান, তাহলে পরবর্তী নির্দেশের জন্য কর্মী সদস্যকে অবশ্যই প্রিন্সিপ্যাল/স্থলাভিষিক্তের সঙ্গে যোগাযোগ করতে হবে।

C. অটোমেটেড এক্সটার্নাল ডিফাইব্রিলেটরস (AEDs)

1. প্রত্যেকটি স্কুলে অবশ্যই কমপক্ষে একটি করে AED থাকবে এবং সেটিকে চালু রাখতে হবে এবং AED-টি ব্যবহারের জন্য এবং সকল স্কুল-আয়োজিত অথবা স্কুল-অনুমোদিত পাঠ্যক্রম বা পাঠ্যক্রম বর্হিভূত অনুষ্ঠান অথবা কর্মকাণ্ডে কার্ডিওপালমোনারি রিসাসসিটেশন (CPR) পরিচালনার জন্য একজন প্রশিক্ষিত ব্যক্তির উপস্থিতি নিশ্চিত করতে হবে। স্কুলগুলিকে যেকোনো স্কুল-আয়োজিত অ্যাথলেটিক প্রতিযোগিতায়, তা যেকোনো সাইট অথবা সময়েই হোক না কেন, সেটি বিবেচনায় না নিয়ে আবশ্যিকভাবে AED(গুলোর)-এর জন্য প্রশিক্ষিত AED/CPR ব্যক্তি উপস্থিত থাকবেন। অধিকাংশ ক্লাস ট্রিপের জন্য AED-গণ আবশ্যিক নয়।
2. পাবলিক স্কুলের বিভিন্ন সুবিধাসমূহ এবং কর্মীগণকে “পাবলিক অ্যাকসেস ডিফাইব্রিলেশন প্রোভাইডার” বিবেচনা করা হয় এবং PHL ধারা 30-এ সংজ্ঞায়িত শর্ত, সীমাবদ্ধতা, এবং দায়বদ্ধতার অধীন থাকে। এই আইন অনুযায়ী প্রিন্সিপ্যাল ঐ স্কুলের সকল স্কুল প্রোগ্রাম এবং অনুষ্ঠানে AED-তে প্রবেশাধিকার এবং এটির ব্যবহারে প্রশিক্ষিত কর্মীদের উপস্থিতি নিশ্চিতকরণের পাশাপাশি CPR প্রদানের জন্য দায়বদ্ধ। OSH কর্মীগণ (যে এজেন্সি AED প্রোগ্রাম ব্যবস্থাপনার জন্য DOE-এর সাথে চুক্তিবদ্ধ তারাসহ) AED স্থাপনের রেকর্ড সংরক্ষণ, AED-সমূহের পর্যায় কালীন পরীক্ষা, এবং এর সাথে সংযুক্ত কর্মীদের চলমান ট্রেনিং প্রদান তত্ত্বাবধান করে।
3. AED-র শর্ত সম্পর্কিত আরও বিস্তারিত তথ্যের জন্য: <http://www.p12.nysed.gov/sss/schoolhealth/schoolhealthservices/Article19Sections.html> -সাইট দেখুন।

D. পুনরুজ্জীবিত না করার (ডু নট রিসাসিসেট, DNR) আদেশ

কোনও পিতামাতা DOE-র কাছে হাসপাতালের বাইরে DNR আদেশ পালনের জন্য শিক্ষার্থীর প্রিন্সিপ্যালের কাছে অনুরোধ করতে পারেন। প্রিন্সিপ্যাল অনুরোধটি OSH-এর কাছে পর্যালোচনার জন্য পাঠিয়ে দেবেন। DOE-এর অফিস অভ লিগ্যাল সার্ভিসেসের সাথে OSH পরামর্শ করবে, একটি সিদ্ধান্ত নেবে, এবং প্রিন্সিপ্যাল এবং অন্য কোনো যথাযথ স্টাফকে অবহিত করবে।

VI. স্কুল-ভিত্তিক স্বাস্থ্য পরিষেবা

A. OSH-এর মেডিক্যাল রুমে সুবিধাসমূহ

1. OSH-এর মেডিক্যাল রুমের কর্মীগণ শিক্ষার্থীদের জন্য স্বাস্থ্যসেবার সার্ভিস প্রদান করেন। OSH মেডিকেল রুমে তৈরি মেডিক্যাল রেকর্ডগুলি OSH-এর সম্পত্তি।
2. OSH পরিষেবাসমূহ প্রতিষ্ঠার প্রক্রিয়াসমূহ

DOE প্রতিটি এলিমেন্টারি স্কুলে পূর্ণ-কালীন বা ফুল-টাইম ভিত্তিতে একজন নার্স দেবে, যেগুলিতে:

- আগের স্কুল বছরের দ্বিতীয় মাসের শেষ দিনে স্কুলটিতে কমপক্ষে দুই শত শিক্ষার্থী ভর্তি ছিল;
- একজন নার্স যেন দেয়া হয় সেজন্য OSH বরো নার্সিং ডিরেক্টরের কাছে এইমর্মে একটি লিখিত অনুরোধ জমা দিয়েছে; এবং
- একটি যথাযথ মেডিকেল রুম সংরক্ষণ করে যেখানে এই নার্স তার নার্সিং দায়িত্ব পালন করতে পারেন।

3. OSH স্বাস্থ্য কর্মীদের জন্য মেডিকেল রুমে সুবিধাদি

একটি স্কুলের মেডিকেল রুম অবশ্যই NYC হেলথ কোড § 49.07-এ বর্ণিত শর্ত মেনে চলবে।

B. স্কুল-ভিত্তিক স্বাস্থ্য বা হেলথ সেন্টারসমূহ

1. স্কুল-ভিত্তিক স্বাস্থ্য সেন্টারগুলি (SBHCs) এসব শিক্ষার্থীকে প্রতিরোধক এবং প্রাথমিক স্বাস্থ্য প্রযত্ন পরিষেবা প্রদান করে যাদের ফাইলে এই ধরনের পরিষেবা গ্রহণের জন্য পিতামাতার সম্মতি রয়েছে। এছাড়াও, SBHC-গুলি রুটিনভুক্ত স্কুল স্বাস্থ্য পরিষেবাও প্রদান করে, যেমন শিক্ষার্থীদের জন্য ইমিউনাইজেশন এবং প্রাথমিক স্বাস্থ্য পরিষেবা, যাদের ফাইলে এই ধরনের পরিষেবা গ্রহণের জন্য পিতামাতার সম্মতি রয়েছে। SBHC মেডিক্যাল রেকর্ডগুলি ধারা 28-এর প্রোভাইডার হিসেবে SBHC-এর সম্পত্তি। NYS ডিপার্টমেন্ট অভ হেলথ (NYSDOH) হচ্ছে সকল SBHC-কে লাইসেন্স প্রদানকারী এজেন্সি।
2. SBHC-সমূহ প্রতিষ্ঠার জন্য বিভিন্ন প্রক্রিয়া এবং সুবিধার শর্তাবলী
 - a. কোনো SBHC প্রতিষ্ঠার অনুরোধ OSH-এ পাঠাতে হবে। এই অনুরোধ জানানোর পরে, OSH এবং অফিস অভ স্পেস প্ল্যানিং (OSP) যৌথভাবে সাইট পর্যালোচনা করে নির্ধারণ করবে SBHC-এর জন্য জায়গা আছে কিনা।
 - b. যদি নির্ধারিত হয় যে SBHC-এর জন্য জায়গা লভ্য আছে, তবে শনাক্তকৃত স্থান যৌথভাবে OSH এবং স্কুল কনস্ট্রাকশন অথরিটি (SCA) কর্তৃক পর্যালোচিত হবে।
 - c. একবার স্থানের মূল্যায়ন এবং OSH, OSP, এবং SCA কর্তৃক অনুমোদিত হয়ে গেলে, OSP কর্তৃক একটি অভিপ্রায়ের চিঠি ইস্যু করা হবে এবং PHL ধারা 28 স্পনসর দ্বারা NYSDOH-এর ব্যুরো অভ চাইল্ড অ্যান্ড অ্যাডোলেসেন্ট হেলথে পাঠানো হবে। NYSDOH-এর ব্যুরো অভ চাইল্ড অ্যান্ড অ্যাডোলেসেন্ট কর্তৃক অনুমোদিত হবার আগে যেকোন স্কুল কোন SBHC পরিষেবা শুরু করা যাবে না। পূরণকৃত স্টেট আবেদনের একটি কপিও অবশ্যই OSH-এ পাঠাতে হবে: Office of School Health/ NYCDOHMH/ Adolescent Health Unit, 1 Court Square, 20th Floor, Long Island City, NY 11101 ATT: AHU Director।

C. SBHC – ডেন্টাল

1. SBHC - ডেন্টাল (SBHC-D) প্রোগ্রামগুলি একটি নির্ধারিত অথবা অস্থায়ী পরিবেশে শিক্ষার্থীদের জন্য বিভিন্ন ধরনের ডেন্টাল পরিষেবা প্রদান করতে সক্ষম যদি তাদের ফাইলে এই ধরনের পরিষেবা গ্রহণের জন্য পিতামাতার সম্মতি থাকে। সকল SBHC-D প্রোগ্রামগুলো প্রতিরোধমূলক সেবা প্রদান করে, এবং অধিকাংশ পুনরুদ্ধারমূলক চিকিৎসাও প্রদান করে। SBHC-D মেডিক্যাল রেকর্ডসমূহ আর্টিক্যাল 28 প্রোভাইডার হিসেবে SBHC-D-এর সম্পত্তি। NYSDOH হলো সেই এজেন্সি যা সকল SBHC-D প্রোগ্রামকে লাইসেন্স প্রদান করে।
2. SBHC-D প্রোগ্রামসমূহ প্রতিষ্ঠার জন্য বিভিন্ন প্রক্রিয়া এবং সুবিধার শর্তাবলী
 - a. কোনো SBHC-D প্রতিষ্ঠার অনুরোধ OSH-এ পাঠাতে হবে। একটি SBHC-D প্রতিষ্ঠার জন্য কোনও জায়গা আছে কিনা সেটি নির্ধারণের জন্য OSH এবং OSP যৌথভাবে সাইটটি পর্যালোচনা করবে।
 - b. যদি নির্ধারিত হয় যে SBHC-এর জন্য জায়গা লভ্য আছে, তবে শনাক্তকৃত স্থান যৌথভাবে OSH এবং SCA কর্তৃক পর্যালোচিত হবে।
 - c. একবার স্থানের মূল্যায়ন এবং OSH, OSP, এবং SCA কর্তৃক অনুমোদিত হয়ে গেলে, OSP কর্তৃক একটি অভিপ্রায়ে চিঠি ইস্যু করা হবে এবং PHL ধারা 28 স্পনসর দ্বারা NYSDOH-এর ব্যুরো অভ চাইল্ড অ্যান্ড অডোলেসেন্ট হেলথে পাঠানো হবে।
 - d. NYSDOH-এর ব্যুরো অভ চাইল্ড অ্যান্ড অডোলেসেন্ট কর্তৃক অনুমোদিত হবার আগে যেকোন স্কুল কোন BHC-D পরিষেবা শুরু করা যাবে না। পূরণকৃত স্টেট আবেদনের একটি কপিও অবশ্যই OSH-এ পাঠাতে হবে:
NYCDOHMH.DENTAL@Health.NYC.Gov

VII. স্কুল হেলথ প্রজেক্টসমূহ

স্কুল হেলথ প্রোজেক্টসমূহ যা স্বাস্থ্য পরিষেবা অথবা স্বাস্থ্য উন্নয়ন কর্মকাণ্ড প্রদান করে সেগুলি স্কুল হেলথ প্রোগ্রামের সম্পূরক। এই ধরনের প্রোজেক্ট তৈরির প্রস্তাব DOE কর্মী, অন্য গভর্নমেন্ট ইউনিট, অথবা প্রাইভেট সংগঠন কর্তৃক দেয়া হতে পারে। এই প্রোজেক্টগুলির অন্তর্ভুক্ত বিশেষ বাছাই প্রক্রিয়া, স্বাস্থ্য তথ্য বিতরণ, প্যামফ্লেট অথবা একই রকম সরঞ্জাম, অথবা শিক্ষার্থী রেকর্ড অথবা প্রশাবলী থেকে ডাটা সংগ্রহ। শিক্ষার্থী নির্দিষ্ট তথ্য প্রদানের আগে সাধারণত সক্রিয় পিতামাতা সম্মতি আবশ্যিক।

অনুমোদনের আগে এই ধরনের প্রোজেক্টগুলি OSH অবশ্যই পর্যালোচনা করবে। যদি প্রজেক্টটিতে রিসার্চ ডিজাইন থাকে, DOE-র ইনস্টিটিউশনাল রিভিউ বোর্ডকে অবশ্যই তার অনুমোদন দিতে হবে। রিসার্চ গাইডলাইনের বিষয়ে বাড়তি তথ্য পাওয়া যাবে DOE-র রিসার্চ অ্যান্ড পলিসি সাপোর্ট গ্রুপ, NYC Department of Education, 52 Chambers Street, New York, NY, 10007. থেকে।

প্রজেক্টের শেষে, যথাযথ পক্ষগুলোর কাছে প্রজেক্ট মূল্যায়নের তথ্য অবশ্যই জমা দিতে হবে।

VIII. ছাড় প্রদান

এই প্রবিধান বা এর কোন অংশ যা অন্যথায় আইন দ্বারা আবশ্যিক নয়, সেসব চ্যান্সেলর কর্তৃক মওকুফ করা হতে পারে যদি তা NYC স্কুল ডিস্ট্রিক্ট-এর জন্য সবচেয়ে কল্যাণজনক বলে নিরূপিত হয়।

IX. অনুসন্ধান

এই প্রবিধান সম্পর্কে সকল প্রশ্ন নিচের ঠিকানায় প্রেরণ করতে হবে:

অফিস অভ স্কুল হেলথ - অফিস অভ হেলথ সার্ভিসেস

N.Y.C. Department of Education
28-11 Queens Plaza North– Room 402
LIC, NY 11101
ফোন: 718-391-8388
ফ্যাক্স: 718-391-8128